

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৫০২

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - ছবি সম্পর্কে বর্ণনা

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: يَخْرُجُ عُنُقٌ مِنَ النَّارِ يَوْمَ الْقِيَامَةِ لَهَا عَيْنَانِ تُبْصِرَانِ وَأُذُنَانِ تَسْمَعَانِ وَلِسَانٌ يَنْطِقُ يَقُولُ: إِنِّي وُكِلْتُ بِثَلَاثَةٍ: بِكُلِّ جَبَّارٍ عَنِيدٍ عَيْنَانِ تُبْصِرَانِ وَأُذُنَانِ تَسْمَعَانِ وَلِسَانٌ يَنْطِقُ يَقُولُ: إِنِّي وُكِلْتُ بِثَلَاثَةٍ: بِكُلِّ جَبَّارٍ عَنِيدٍ وَكُلِّ مَنْ دَعَا مَعَ اللَّهِ إِلَهًا آخر وبالمصوّرين . رَوَاهُ التِّرْمِذِي

বাংলা

৪৫০২-[১৪] আবৃ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কিয়ামতের দিন জাহান্নাম হতে এমন একটি ঘাড় বের হবে যার থাকবে দু'টি চক্ষু যারা দেখবে এবং থাকবে দু'টি কান যারা শুনবে এবং কথা বলার জন্য থাকবে রসনা। বলবে, আমাকে তিন শ্রেণীর লোকের দায়িত্ব দেয়া হয়েছে। ১. প্রত্যেক উদ্ধত যালিম, ২. ঐ সকল লোক যারা আল্লাহর সাথে অন্যকে মা'বূদ হিসেবে ডাকে এবং ৩. ছবি অঙ্কনকারীগণ। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] সহীহ: তিরমিয়ী ২৫৭৪, সহীহুল জামি' ৮০৫১, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২৪৫১, সিলসিলাতুস্ সহীহাহ্ ৫১২, আহমাদ ৮৪১১, আল মু'জামুল আওসাত্ব ৩১৮, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ৩৪১৪১।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (يَخْرُجُ عُنُقٌ مِنَ النَّارِ يَوْمَ الْقِيَامَةِ) কিয়ামতের দিন জাহানণাম থেকে একখন্ড আগুন বের হবে যা দেখতে লম্বা গর্দান বিশিষ্ট হবে। তার দু'টি চোখ থাকবে যা দ্বারা দেখবে এবং দু'টি কান থাকবে যা দ্বারা শুনবে এবং জিহবা থাকবে যা কথা বলবে। সে বলবে, আল্লাহ তা'আলা আমাকে দায়িত্ব দিয়েছে এই তিন শ্রেণীর লোককে জাহান্নামে প্রবেশ করাব এবং সমস্ত লোকের সামনে শাস্তি প্রদান করব : ১. প্রত্যেক অত্যাচারী সীমালজ্বনকারী বাতিলপন্থী ও ২. প্রত্যেক ঐ সমস্ত ব্যক্তি যারা আল্লাহর সাথে অন্য উপাস্যকে শরীক করতঃ তাকে আহবান করত ৩. এবং প্রাণীর ছবি অঙ্কনকারী।



এ হাদীসে উক্ত তিন শ্রেণীর লোকের জন্য রয়েছে কঠোর শাস্তির ধমকী এবং নিশ্চিত ভীতি প্রদর্শন।
(মিরক্বাতুল মাফাতীহ, তুহফাতুল আহ্ওয়াযী ৬৯ খন্ড, হাঃ ২৫৭৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন